



মূল পাতা | যোগাযোগ | লগ-ইন করুন | নিবন্ধিত হোন

ঢাকা, বুধস্পতিবার, ১ নভেম্বর ২০০৭, ১৭ কার্তিক ১৪১৪, ১৯ শাওয়াল ১৪২৮
বর্ষ ৯, সংখ্যা ৩৫১, আপডেট : বাংলাদেশ রাত ২টা ১৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলাম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য

ফিচার পাতা

- ▶ আলোকিত চট্টগ্রাম
- ▶ আনন্দ

শেষ পাতা

সংবাদ শিরোনাম

আপের সংবাদ

পরের সংবাদ

২০০ পুলিশ পরিদর্শকের বিরুদ্ধে বিভাগীয় মামলা সাময়িক বরখাস্ত ৫৬

কামরুল হাসান

পুলিশ পরিদর্শক পদের ২০০ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলার তদন্ত শুরু হয়েছে। এঁদের মধ্যে ৫৬ জনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। দু-এক দিনের মধ্যে আরও কয়েকজনকে সাময়িক বরখাস্ত করা হবে। ঘুষ, দুর্নীতি, সন্ত্রাসীদের সঙ্গে গোপন যোগাযোগ, কাজে অবহেলা, পুলিশবাহিনীর শৃঙ্খলা ভঙ্গসহ বিভিন্ন অভিযোগ আছে এসব কর্মকর্তার বিরুদ্ধে।

পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক (প্রশাসন) নববিক্রম কিশোর ত্রিপুরা বলেন, পুলিশ বাহিনীকে ঘুষ ও দুর্নীতিমুক্ত করার প্রচেষ্টা শুরু হয়েছে। এ জন্য নানা ধরনের উন্নয়ন পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। কোনো সদস্যের বিরুদ্ধে অপরাধে জড়িত থাকার তথ্য-প্রমাণ পেলেই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

পুলিশ সদর দপ্তরের সূত্র জানায়, সঠিকভাবে দায়িত্ব পালন করতে না পারার অভিযোগ এনে এ পর্যন্ত প্রথম শ্রেণীর ২০ জন কর্মকর্তাকে সংস্থাপন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। এসব কর্মকর্তার মধ্যে আছেন চারজন অতিরিক্ত মহাপরিদর্শক, দুজন উপ-মহাপরিদর্শক, সাতজন পুলিশ সুপার, চারজন অতিরিক্ত পুলিশ সুপার এবং তিনজন সহকারী পুলিশ সুপার। এসব কর্মকর্তার কয়েকজনের বিরুদ্ধে ঘুষ ও দুর্নীতিতে জড়িতে থাকার অভিযোগ আছে। নিচের পর্যায়ের মধ্যে পাঁচ হাজার উপ-পরিদর্শকের বিরুদ্ধেও নানা ধরনের অভিযোগের তদন্ত চলছে বলে জানা গেছে।

পুলিশ সদর দপ্তরের একটি সূত্র জানায়, পুলিশ পরিদর্শক পদের কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলার ব্যাপারে সিদ্ধান্ত নেন অতিরিক্ত মহাপরিদর্শক পদের কর্মকর্তা। কিন্তু ওই পদে চলতি দায়িত্বে থাকা কর্মকর্তারা এ ধরনের সিদ্ধান্ত নিতে পারেন না। তাই এ সংক্রান্ত মামলার ওই জট আর কমছে না।

সূত্র জানায়, পুলিশ বাহিনীতে উপ-মহাপরিদর্শক (ডিআইজি) পদ আছে ২৬টি। এর মধ্যে পাঁচটি খালি। এখন অতিরিক্ত উপ-মহাপরিদর্শককে দিয়ে কাজ চালানো হচ্ছে। এঁদের মধ্যে চট্টগ্রাম মহানগর পুলিশের কমিশনার

বিশেষ প্রতিবেদন

ঈদসংখ্যা ২০০৭

বিবিধ

- ⊗ আরো যা আছে
- ⊕ সকল ফিচার পাতা
- ⊙ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊕ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

১৭৪৭৫১

জন পাঠক



বিজ্ঞাপনের
জন্য যোগাযোগ করুন

আছেন চলতি দায়িত্বে, অন্যদের মধ্যে রাজশাহী মহানগর ও খুলনা মহানগরের কমিশনার এবং পুলিশ একাডেমির অধ্যক্ষ আছেন ভারপ্রাপ্ত দায়িত্বে। ওই কর্মকর্তা আরও বলেন, এখন অবস্থা এমন হয়েছে যে, উত্তরা থেকে র্যাবের মহাপরিচালক এসে পুলিশ সদর দপ্তরে একটি ডেকের দায়িত্ব পালন করছেন। কোনো কর্মকর্তা ছুটিতে থাকলে এ ধরনের সমস্যা আরও প্রকট হচ্ছে।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
 News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
 Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)